

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এন.জি.ও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৩.০০১.১৫-

তারিখ : ২৭/১০/২০১৬ খ্রিঃ

বিষয় : প্রকল্প প্রস্তাবের উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত প্রদানের ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় এবং জেলা পর্যায়ে মাসিক এন.জি.ও সমন্বয় সভায় উপযুক্ত প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২/০৪/২০১২ তারিখে জারিকৃত ০৩.০৭০.০২২.০৩.০০.০১৩.২০১০-৯০ নম্বর পরিপত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এন.জি.ও) কর্তৃক কোন প্রকল্প প্রস্তাব (FD-6) ব্যুরোতে দাখিল করলে সূত্রস্থ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ২১ কার্যদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

২। মন্ত্রণালয়/বিভাগ উক্ত প্রকল্প প্রস্তাব (এফ ডি-৬) বিস্তারিত যাচাই-বাছাই/পরীক্ষা/নিরীক্ষা করে তাদের মতামত ব্যুরোতে প্রেরণ করে থাকে। এ লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ সমূহ প্রকল্প প্রস্তাবের উপর সভা আহ্বান করে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য সভায় ব্যুরোর প্রতিনিধি, যিনি যুগ্ম-সচিব পদ মর্যাদা সম্পন্ন এবং সংশ্লিষ্ট এন.জি.ও প্রতিনিধি-কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। কিন্তু লক্ষ্য করা গেছে অনেক ক্ষেত্রে এন.জি.ও প্রতিনিধি সভায় উপস্থিত হন না। কিংবা এন.জি.ও হতে যে প্রতিনিধি প্রেরণ করা হয় তিনি প্রকল্প সম্পর্কে বিশেষ করে প্রকল্পের বিভিন্ন কারিগরী এবং আর্থিক দিক সম্পর্কে বিশদ ধারণা রাখেন না এবং সভায় যথাযথভাবে প্রস্তাবিত প্রকল্প উপস্থাপন করতে সক্ষম হন না। ফলে মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয় এবং প্রকল্পের উপর গুনগত মতামতের অভাবে সিদ্ধান্ত প্রদানে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়।

৩। প্রকল্প প্রস্তাব (FD-6) অনুমোদনের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করা একটি আবশ্যিক বিষয়। সুতরাং মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আহত এ জাতীয় সভায় এন.জি.ও'র যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি অত্যাবশ্যিক। এ ছাড়া উপস্থিত প্রতিনিধিকে প্রকল্প প্রস্তাব বিশদ ভাবে উপস্থাপনায় সক্ষম হতে হবে। প্রকল্প প্রস্তাব (FD-6) অনুমোদন ত্বরান্বিত করার স্বার্থে এ অনুরোধ করা হলো।

৪। অনুরূপভাবে জেলা প্রশাসক কর্তৃক আহত মাসিক এন.জি.ও সমন্বয় সভায় যাতে যথোপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকে তাহাও নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

নির্বাহী প্রধান,
ব্যুরোর সাথে নিবন্ধিত এন.জি.ও-সকল।

স্বাঃ
(গোকুল কৃষ্ণ ঘোষ)
পরিচালক (যুগ্ম-সচিব)
এন.জি.ও বিষয়ক ব্যুরো।
ফোনঃ ৯৫৬২৮৩৭

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৩.০০১.১৫-০৪

তারিখ : ২৭/১০/২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি / কার্যার্থে :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার(সকল বিভাগ)।
- ৩। জেলা প্রশাসক, (সকল)।
- ৪। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (তাঁকে এ পত্রটি ব্যুরোর ওয়েব সাইটে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।

পরিচালক
এন.জি.ও বিষয়ক ব্যুরো।

২৭/১০/১৬